গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

জাহাঙ্গীরপুর সরকারি কলেজ

মহাদেবপুর, নওগাঁ।

EIIN- 123407 | রাজশাহী শিক্ষা বোর্ড কোড- ২৬২৫ | জাতীয় বিশ্ববিদ্যালয় কোড- ২৪০৯ | মাউশি কোড- ০১৫১

ফোনঃ ০৭৪২৬৭৫০৫৯ | মোবাইলঃ ০১৩০৯-১২৩৪০৭/০১৭৯৭-১৮২২৬২ | E-mail: jgovtcoll@gmail.com | Web: jgcbd.net


নোটিশ নং- জাসক/২০২১/ ০৬-০১ তারিখঃ ১৪/০৬/২০২১ খ্রি.

# ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট সংক্রান্ত
## জরুরী বিজ্ঞপ্তি

প্রিয় শিক্ষার্থীবৃন্দ, আমরা জানি কোভিড ১৯ অতিমারির কারণে ১৮/০৩/২০২০খ্রি. তারিখ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাভাবিক শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় ভর্তির পর থেকে এখন পর্যন্ত নির্ধারিত পাঠ্যসূচি অনুযায়ী তোমরা শ্রেণি কার্যক্রমে অংশ গ্রহণ করতে পারনি। এর বিকল্প হিসেবে এখন পর্যন্ত আমরা সরকারি নির্দেশনা মোতাবেক অনলাইনে তোমাদের পাঠদানের চেষ্টা করে যাচ্ছি। এরই অংশ হিসেবে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ২০২২ সালের এইচএসসি (শিক্ষাবর্ষঃ ২০২০-২০২১) পরীক্ষার জন্য শিক্ষাক্রম ও পাঠ্যসূচিকে পূণর্বিন্যাস করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসুচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য এনসিটিবি কর্তৃক বিষয়ভিত্তিক মূল্যায়ণ নির্দেশনাসহ অ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক অত্র বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত রুটিন ও সিলেবাস মোতাবেক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির সকল শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশ গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

অ্যাসাইনমেন্ট সংক্রান্ত সকল তথ্য কলেজের ওয়েবসাইট (jgcbd.net), ফেইসবুক আইডি (জাহাঙ্গীরপুর সরকারি কালেজ, নওগাঁ/01797182262) ও ফেইসবুক পেজ (jahangirpur govt. college) এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (dshe.gov.bd) এর ওয়েবসাইটে পাওয়া যাবে। যেহেতু করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধির কারণে মহাদেবপুর উপজেলায় সর্বাত্মক লকডাউন চলছে তাই অ্যাসাইনমেন্ট সংক্রান্ত কোন কাজের জন্য এই মূহুর্তে কলেজে আসার প্রয়োজন নেই। বিষয়ভিত্তিক প্রদত্ত সিলেবাস এবং রুটিন মোতাবেক ১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট তৈরি করে বিজ্ঞপ্তি প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে তার কপি **jgcass202021@gmail.com** ই-মেইলে পাঠাতে হবে এবং হার্ডকপি সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে করোনা পরিস্থিতির উন্নতি হলে কলেজ কর্তৃক প্রদত্ত সময়ে ই-মেইলে প্রেরিত কপির অনুরূপ হার্ডকপিটি জমা দিতে হবে। ই-মেইলে প্রেরিত কপির সাথে হার্ডকপির কোনরূপ গরমিল থাকলে উক্ত অ্যাসাইনমেন্ট বাতিল করা হবে এবং শিক্ষার্থীকে পূণরায় উক্ত অ্যাসাইনমেন্ট তৈরি করে জমা দিতে হবে। যেহেতু এটি একটি সাপ্তাহিক কার্যক্রম তাই প্রত্যেক সপ্তাহের কাজ উক্ত সপ্তাহের মধ্যেই সম্পন্ন করতে হবে। অ্যাসাইনমেন্ট তৈরির পূর্বে প্রদত্ত নির্দেশনাসমূহ মনযোগ দিয়ে পড়াতে হবে এবং নির্দেশনা মোতাবেক অ্যাসাইনমেন্ট তৈরি করতে হবে। প্রয়োজনে বিষয় সংশ্লিষ্ট শিক্ষকের সঙ্গে পরামর্শ করা যেতে পারে। বিষয়ভিত্তক শিক্ষকগণের মোবাইল নম্বর এই সঙ্গে সংযুক্ত করা হলো যা পরবর্তী প্রয়োজনের জন্য সংরক্ষণ করতে হবে। কভার পেজের নমুনাটি যথাযথভাবে পূরণ করে প্রত্যেক অ্যাসাইনমেন্টের সাথে জুড়ে দিতে হবে।

বি.দ্র. ঃ ভর্তির সময় প্রদত্ত শিক্ষার্থী ও অভিভাবক উভয়ের মোবাইল নম্বর সার্বক্ষণিক খোলা রাখতে হবে এবং মাঝে মাঝে চেক করতে হবে কলেজ থেকে কোন তথ্য দেয়া হয়েছে কিনা। কারো মোবাইল নম্বর পরিবর্তন হলে সঙ্গে সঙ্গে তা কলেজকে অবহিত করতে হবে।

১৪/৬/২০২১

অধ্যক্ষ
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ।

মোঃ সাইফুর রহমান চৌধুরী (০১৪১৫৬)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ।

সংযুক্তিঃ ১৬ পাতা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

"শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ"

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# জাহাঙ্গীরপুর সরকারি কলেজ

মহাদেবপুর, নওগাঁ।

মুজিব শতবর্ষ MUJIB 100

EIIN- 123407 | রাজশাহী শিক্ষা বোর্ড কোড- ২৬২৫ | জাতীয় বিশ্ববিদ্যালয় কোড- ২৪০৯ | মাউশি কোড- ০১৫১

ফোনঃ ০৭৪২৬৭৫০৫৯ | মোবাইলঃ ০১৩০৯-১২৩৪০৭/০১৭৯৭-১৮২২৬২ | E-mail: jgovtcoll@gmail.com | Web: jgcbd.net

## অ্যাসাইনমেন্ট তৈরির ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নির্দেশনা/পরামর্শ

### অভিভাবকগণের প্রতি পরামর্শঃ

১. শিক্ষার্থীদের সরকার প্রদত্ত স্বাস্থ্যবিধি অনুসরণে উৎসাহিত করা;

২. শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মূল্যায়ন প্রক্রিয়া তাদের শিখন ফল অর্জন যাচাই এবং কোন্ কোন্ ক্ষেত্রে তাদের ঘাটতি রয়েছে তা নিরূপণ করবে। তাই শিক্ষার্থী নিজে যাতে এ কার্যক্রমে অংশগ্রহণ করে তা নিশ্চিত করা;

৩. শিক্ষার্থীর অনুধাবন ক্ষমতা ও সৃজনশীলতা বৃদ্ধির জন্য তাদের সক্রিয় অংশগ্রহণে উৎসাহিত করা;

৪. শিক্ষার্থী যেন সময়মত অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সম্পন্ন করে এবং তা যেন নির্ধারিত সময়ে জমা দেয় তা নিশ্চিত করা;

৫. নোট, গাইড, অনলাইন বা অন্য কারো লেখা থেকে হুবহু লিখে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হবে তাই শিক্ষার্থীদের নিজেদের মতো করে লেখার প্রতি উৎসাহিত করা।

### শিক্ষার্থীদের জন্য নির্দেশনাঃ

১. শিক্ষার্থীদের শিখনফল অর্জনই মূল উদ্দেশ্য। পরবর্তী শ্রেণি/উচ্চ শিক্ষার ক্ষেত্রে এটি সুবিধা প্রদান করবে। তাই জরুরী বিবেচনায় সকল নির্দেশনা অনুসরণকরতে হবে;

২. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ তৈরি করতে এনসিটিবি প্রণীত/অনুমোদিত/প্রকাশিত নির্ধারিত শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করতে হবে;

৩. মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। তাই নোট, গাইড বা অন্যের লেখা দেখে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হয়ে যাবে এবং পুনরায় সেই অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ণ করে জমা দিতে হবে;

৪. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নিজের হাতে লিখতে হবে;

৫. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ লেখার ক্ষেত্রে সাদা কাজগ (এ৪ সাইজ কাজগের এক পৃষ্ঠায় লিখতে হবে) ব্যবহার করতে হবে। অ্যাসাইনমেন্টের ১ম পৃষ্ঠায় (প্রদত্ত নমুনা পাতাটি প্রিন্ট করে নিতে হবে) শিক্ষার্থীর নাম, শ্রেণি, আইডি/ক্লাস রোল, বিষয় ও অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের শিরোনাম স্পষ্টভাবে লিখতে হবে;

৬. কোন শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠান থেকে দূরে অবস্থান করলে এবং তার পক্ষে সরাসরি অ্যাসাইনমেন্ট গ্রহণ/জমা দিতে সমস্যাহলে প্রতিষ্ঠান প্রধানের সাথে আলোচনাপূর্বক তাঁর পরামর্শ মোতাবেক অ্যাসাইনমেন্ট গ্রহণ/জমার বিষয়টি সমাধান করতে হবে।

## শিক্ষকগণের নামের তালিকা ও মোবাইল নম্বর

অধ্যক্ষ : জনাব মোঃ সাইফুর রহমান চৌধুরী (ভারপ্রাপ্ত), মোবাইল নং- ০১৩০৯-১২৩৪০৭/০১৭৯৭-১৮২২৬২

| বিভাগ | সহকারী অধ্যাপকবৃন্দ | মোবাইল নম্বর | প্রভাষকবৃন্দ | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| বাংলা | জনাব মোহা: আব্দুল বারেক | ০১৭১১১৮৫৪৫৮ | জনাব মোঃ বকুল হোসেন | ০১৭৭০০২৬৬৪০ |
| ইংরেজী | জনাব এস, এম, নাসিমুল ইসলাম | ০১৭১৬৪৭১৯২৫ | জনাব মোঃ ফিরোজ ইবনে রহমান | ০১৭৪৫৪৯১১৪৫ |
| অর্থনীতি | জনাব মোঃ সাইফুর রহমান চৌধুরী | ০১৭১২৬৮৪৬৩৮ | জনাব শিমুল কুমার | ০১৭৫৬৯৪৪৬৮৯ |
| ইসলামের ইতিহাস | ড. হাসানুজ্জামান মাহমুদ | ০১৭১৬৭২৭৩৩৯ | জনাব | |
| দর্শন | জনাব মো: রফিকুল ইসলাম | ০১৭১৮৭৫২৬৯৯ | জনাব মোঃ আব্দুল মালেক | ০১৭১৭৫৬৫৮৩২ |
| রাষ্ট্রবিজ্ঞান | জনাব | | জনাব | |
| পদার্থবিদ্যা | জনাব | | জনাব মোঃ আরমান আলী | ০১৭২৩৩৯৪৮১৪ |
| রসায়ন | জনাব ফারজানা খানম ক্যামেলিয়া | ০১৭৪৩৭৬৮২৮৭ | জনাব | |
| গণিত | জনাব সরদার আবু সালেহ মো: রেজাউল করিম | ০১৭৫৮৬৬১২৪১ | জনাব ডি, এম ফারুক রহমান দেওয়ান | ০১৭১৭১৪২১১০ |
| প্রানিবিদ্যা | জনাব আব্দুল্লাহ আল মাহমুদ | ০১৭১৯৭৬৯৪৮৩ | পদ সৃষ্টি হয় নি। | |
| উদ্ভিদবিদ্যা | পদ সৃষ্টি হয় নি। | | জনাব কাজল মাহমুদ | ০১৭৩৫৮৫১২৫৩ |
| হিসাববিজ্ঞান | পদ সৃষ্টি হয় নি। | | জনাব | |
| ব্যবস্থাপনা | জনাব শেখ সাঈফুর রহমান | ০১৮১৯১৬৫৪৯৪ | জনাব মোসাঃ মাসুমা আখতার | ০১৭৭৯২৪২৪০৯ |
| আইসিটি | পদ সৃষ্টি হয় নি। | | জনাব মোঃ শাহজামাল | ০১৭১১০৮৪৯৭০ |

৭.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ।
EIIN- 123407
ফোনঃ ০৭৪২৬৭৫০৫৯
রাজশাহী শিক্ষা বোর্ড কোড- ২৬২৫
মোবাইলঃ ০১৩০৯-১২৩৪০৭/০১৭৯৭-১৮২২৬২
জাতীয় বিশ্ববিদ্যালয় কোড- ২৪০৯
E-mail: jgovtcoll@gmail.com
মাউশি কোড- ০১৫১
Web: jgcbd.net

# এইচএসসি পরীক্ষা ২০২২ এর পরীক্ষার্থীদের (শিক্ষাবর্ষঃ ২০২০-২০২১) জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে

# অ্যাসাইনমেন্ট

| | |
|---|---|
| বিষয়ের নাম | |
| অ্যাসাইনমেন্ট নম্বর | |
| অ্যাসাইনমেন্ট শিরোনাম | |
| জমাদানের তারিখ | |

| | |
|---|---|
| শিক্ষার্থীর পূর্ণনাম | |
| বিভাগ | বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা |
| শ্রেণি | একাদশ (শিক্ষাবর্ষঃ 2020-2021) |
| ক্লাস রোল | |

| মূল্যায়ণ ও মন্তব্য (শিক্ষক কর্তৃক পূরণীয়) | |
|---|---|
| | |
| মূল্যায়নকারী শিক্ষকের নাম | |
| পদবী | |
| স্বাক্ষর ও সীল | |

# ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রণীত অ্যাসাইনমেন্ট

## গ্রিড

| বিষয় | | সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্ট নম্বর ও সংখ্যা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | অ্যাসাইনমেন্টের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সপ্তাহ ও অ্যাসাইনমেন্ট নম্বর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ | ১৩শ | ১৪শ | ১৫শ | ১৬শ | ১৭শ | ১৮শ | ১৯শ | ২০শ | ২১শ | ২২শ | ২৩শ | ২৪শ | ২৫শ | ২৬শ | ২৭শ | ২৮শ | ২৯শ | ৩০শ | |
| গুচ্ছ ১ | বাংলা | ১ | | ২ | ৩ | | | | ৪ | | | | ৫ | | | | ৬ | | | | ৭ | | | | ৮ | | | ৯ | | ১০ | | ১০ |
| | ইংরেজি | | ১ | ২ | | | | ৩ | | | ৪ | | | ৫ | | | | | ৬ | | | | ৭ | | | ৮ | | | ৯ | | ১০ | ১০ |
| | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | | | | | ১ | | | | | ২ | | | | ৩ | | | | | | | | ৪ | | | | | | | | ০৪ |
| গুচ্ছ ২ | রসায়ন /ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ইসলাম শিক্ষা/শিশুর বিকাশ/ লঘু সংগীত | | | | | | ১ | | | ২ | | | ৩ | | ৪ | | | ৫ | | | ৬ | | | ৭ | | ৮ | | | ৯ | | ১০ | ১০ |
| গুচ্ছ ৩ | পদার্থবিজ্ঞান/ পৌরনীতি ও সুশাসন/অর্থনীতি/ যুক্তিবিদ্যা/হিসাববিজ্ঞান/ খাদ্য ও পুষ্টি | ১ | ২ | | ৩ | | | ৪ | | | ৫ | | | ৬ | | | ৭ | | | ৮ | | ৯ | | | | | | ১০ | | | | ১০ |
| গুচ্ছ ৪ | জীববিজ্ঞান/সমাজবিজ্ঞান/সমাজকর্ম/ ভূগোল/ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা/ গৃহ ব্যবস্থাপনা এবং পারিবারিক জীবন | | | | | ১ | | | ২ | | | ৩ | | | ৪ | | | ৫ | | | | ৬ | | | ৭ | | ৮ | | | | | ০৮ |
| গুচ্ছ ৫ | উচ্চাঙ্গ সংগীত/ উচ্চতর গণিত/ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন/ আরবি/পালি/ সংস্কৃত কৃষিশিক্ষা/ মনোবিজ্ঞান/ পরিসংখ্যান/ মৃত্তিকা বিজ্ঞান/ প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্র্যাকটিস/ গার্হস্থ্যবিজ্ঞান / চারু ও কারুকলা/নাট্যকলা /সমরবিদ্যা/ শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ | | | | | ১ | | | | ২ | | | | | | ৩ | | | ৪ | ৫ | | | ৬ | | | | ৭ | | | ৮ | | ০৮ |
| | মোট | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ৬০ |

13. 6.21

13/6/2021

# ১ম সপ্তাহ

## ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: বাংলা | পত্র: প্রথম | বিষয় কোড: ১০১ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ৪ | ৩ | ২ | ১ | নম্বর | |
| ১ | 'অপরিচিতা' গল্প এবং বাস্তব দৃষ্টান্তের ভিত্তিতে নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকা চিহ্নিতকরণ | • নারীশিক্ষা ও নারীর ক্ষমতায়নের তাৎপর্য ব্যাখ্যা করতে পারবে। | ১. 'অপরিচিতা' গল্প অনুসরণে কল্যাণীর সংকট এবং এ থেকে বেরিয়ে আসার জন্য তার দৃঢ়চেতা মনোভাবের পরিচয়। | কল্যাণীর সংকট এবং তার দৃঢ়চেতা মনোভাব | কল্যাণীর সংকট ও মনোভাব তুলে ধরে ব্যাখ্যা করতে পারা | কল্যাণীর সংকট ও মনোভাব তুলে ধরতে পারা | কল্যাণীর দৃঢ়চেতা মনোভাবের পরিচয় দিতে পারা | কল্যাণীর সংকট তুলে ধরতে পারা | | |
| | | • সুযোগ ও সহায়তা প্রদানের মাধ্যমে নারীশিক্ষা ও ক্ষমতায়নে ইতিবাচক মনোভাব প্রদর্শন করবে। | ২. অনুপম এবং অন্যদের ভূমিকা ইতিবাচক হলে কল্যাণীর জীবন কেমন হতে পারত, এর বিবরণ। | অন্যদের ইতিবাচক ভূমিকায় কল্যাণীর সম্ভাব্য জীবন | প্রত্যাশিত ইতিবাচক আচরণ তুলে ধরে গল্পের নতুন পরিণতি নির্দেশ করতে পারা | গল্পের নতুন পরিণতি নির্দেশ করতে পারা | প্রত্যাশিত ইতিবাচক আচরণ তুলে ধরে ব্যাখ্যা করতে পারা | প্রত্যাশিত ইতিবাচক আচরণ তুলে ধরতে পারা | | |
| | | | ৩. বাস্তব অভিজ্ঞতা থেকে চেনা/জানা কোনো নারীর এগিয়ে চলার পথে প্রতিবন্ধকতাগুলো নির্দিষ্টভাবে চিহ্নিত করা। | চেনা/জানা কোনো নারীর প্রতিবন্ধকতা | ৩-৪টি প্রতিবন্ধকতার কারণ ব্যাখ্যাসহ চিহ্নিত করতে পারা | ১-২টি প্রতিবন্ধকতার কারণ ব্যাখ্যাসহ চিহ্নিত করতে পারা | ৩-৪টি প্রতিবন্ধকতা চিহ্নিত করতে পারা | ১-২টি প্রতিবন্ধকতা চিহ্নিত করতে পারা | | |
| | | | ৪. পঠিত গল্প ও চেনা/জানা ঘটনার পরিপ্রেক্ষিতে নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকাগুলো চিহ্নিত করা। | নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকা চিহ্নিতকরণ | ৩-৪টি সহায়ক ভূমিকা চিহ্নিত করে ব্যাখ্যা করতে পারা | ১-২টি সহায়ক ভূমিকা চিহ্নিত করে ব্যাখ্যা করতে পারা | ৩-৪টি সহায়ক ভূমিকা চিহ্নিত করতে পারা | ১-২টি সহায়ক ভূমিকা চিহ্নিত করতে | | |


| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ৫. শব্দপ্রয়োগ, বাক্যগঠন, বানান, বিরামচিহ্ন যথাযথ রাখা। | | | | | পারা | | |
| | | | | শব্দপ্রয়োগ, বাক্যগঠন, বানান, বিরামচিহ্ন | অনধিক ১-২টি ভুল হওয়া | ৩-৪টি ভুল হওয়া | ৫-৬টি ভুল হওয়া | ৭-৮টি কিংবা এর বেশি ভুল হওয়া | | |

| | |
|---|---|
| ১৭–২০ | অতি উত্তম |
| ১৩-১৬ | উত্তম |
| ৯–১২ | ভালো |
| ৫-৮ | অগ্রগতি প্রয়োজন |

13.6.21

# ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পদার্থবিজ্ঞান    পত্র: প্রথম    বিষয় কোড: ১৭৪    স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশন (সংকেত/ধাপ/ পরিধি) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | <br><br>**Fig-1**<br>তুমি 20 $ms^{-1}$ বেগে একদম খাড়াভাবে একটি 400 gm ভরের ক্রিকেট বল উপরের দিকে ছুড়ে মারলে।<br>(ক) বলটির বেগ বনাম সময়ের গ্রাফ আঁকো।<br>(খ) গতিপথে সর্বোচ্চ বিন্দুতে বলটির বেগ কত। | ১। অবস্থান-সময় ও বেগ-সময় লেখচিত্র বিশ্লেষণ করতে পারবে।<br>২। পড়ন্ত বস্তুর সূত্র ব্যাখ্যা করতে পারবে।<br>৩। বলের স্বজ্ঞামূলক ধারণা ব্যাখ্যা করতে পারবে। | গতিবিদ্যা ও নিউটনিয়ান বলবিদ্যা | |

মূল্যায়ন নির্দেশনা(রুব্রিক্স)

| ক্রম | নির্দেশক | পারদর্শিতার মাত্রা ৪ | ৩ | ২ | ১ | মোট |
|---|---|---|---|---|---|---|
| (ক) | প্রয়োজনীয় উপাত্ত নির্ভুলভাবে নির্ণয়পূর্বক সঠিকভাবে গ্রাফ অঙ্কন | √ | | | | ৪ |
| | প্রয়োজনীয় উপাত্ত নির্ভুলভাবে নির্ণয়পূর্বক গ্রাফ অঙ্কন | | √ | | | |
| | প্রয়োজনীয় উপাত্ত নির্ভুলভাবে নির্ণয় না করে গ্রাফ অঙ্কন | | | √ | | |
| | শুধু ধারনা উপস্থাপন | | | | √ | |
| (খ) | প্রয়োজনীয় তথ্য ও গাণিতিক সূত্রসহ গ্রহণযোগ্য উত্তর (একক সহ) উপস্থাপন | | | √ | | ২ |
| | গাণিতিক সূত্র উপস্থাপন | | | | √ | |
| (গ) | গাণিতিক সূত্রসহ গ্রহণযোগ্য উত্তর উপস্থাপন | | | √ | | ২ |
| | গাণিতিক সূত্র উপস্থাপন | | | | √ | |
| (ঘ) | গাণিতিক সূত্রসহ গ্রহণযোগ্য উত্তর উপস্থাপন | | | √ | | ২ |
| | গাণিতিক সূত্র উপস্থাপন | | | | √ | |
| (ঙ) | প্রয়োজনীয় তথ্য ও গাণিতিক সূত্রসহ গ্রহণযোগ্য উত্তর (একক সহ) নির্ণয় এবং প্রয়োজনীয় ব্যাখ্যা উপস্থাপন | | √ | | | ৩ |

13.6.21    13/6/2021

(গ) ঐ বিন্দুতে ত্বরণ কত?

(ঘ) ঐখানে ক্রিকেট বলটির উপর ক্রিয়ারত মোট বল কত?

(ঙ) Fig-1 এ 1.5 kg ভরটি একটি টেবিলের উপর স্থির অবস্থানে আছে। 2 kg ভরের আরেকটি ভর একটি অসম্প্রসারণশীল সূতা দিয়ে ঝোলানো হলো। টেবিল ও 1.5 kg ভরের মাঝে ঘর্ষণ গুণাঙ্ক 0.2

(১) ভরদ্বয়ের ত্বরণ কত? সুতাটি অসম্প্রসারণশীল না হলে তোমার উত্তরের কী পরিবর্তন হতো?

(২) সূতার টান কত?

(৩) 2 kg ভরের সরণ বনাম সময় গ্রাফ আঁকো?

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| (১) | প্রয়োজনীয় তথ্য ও গাণিতিক সূত্রসহ গ্রহণযোগ্য উত্তর (একক সহ) নির্ণয় | | | √ | | |
| | গানিতিক সূত্র উপস্থাপন /ব্যাখ্যা উপস্থাপন | | | | √ | |
| (ঙ) | সঠিকভাবে গানিতিক সূত্র প্রয়োগের মাধ্যমে মান নির্ণয় | | √ | | | ৩ |
| (২) | তথ্য ও গাণিতিক সূত্র উপস্থাপন | | | √ | | |
| | ধারনা উপস্থাপন | | | | √ | |
| (ঙ) (৩) | প্রয়োজনীয় উপাত্ত নির্ভুলভাবে নির্ণয়পূর্বক সঠিকভাবে গ্রাফ অঙ্কন | √ | | | | ৪ |
| | প্রয়োজনীয় উপাত্ত নির্ভুলভাবে নির্ণয়পূর্বক গ্রাফ অঙ্কন | | √ | | | |
| | প্রয়োজনীয় উপাত্ত নির্ভুলভাবে নির্ণয় না করে গ্রাফ অঙ্কন | | | √ | | |
| | শুধু ধারনা উপস্থাপন | | | | √ | |

সর্বমোট নম্বর:২০

প্রাপ্ত নম্বরের শতকরা হার:

13.6.21

# ১ম সপ্তাহ

## এইচএসসি পরীক্ষা ২০২২ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পৌরনীতি ও সুশাসন     পত্র: প্রথম     বিষয় কোড: ২৬৯     স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল | নির্দেশনা/সংকেত | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) |
|---|---|---|---|---|
| ১<br>(প্রথম অধ্যায়: পৌরনীতি ও সুশাসন পরিচিতি) | নাগরিক সভ্যতার ক্রমবিকাশে পৌরনীতি ও সুশাসনের ধারণা বিশ্লেষণপূর্বক একটি নিবন্ধ রচনা কর। | • পৌরনীতির ধারণা বর্ণনা করতে পারবে<br>• পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ বর্ণনা করতে পারবে | • পৌরনীতি ও সুশাসনের ধারণা ও পরিধি<br>• সুশাসনের বৈশিষ্ট্য<br>• পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ | (নিচের সারণি দ্রষ্টব্য) |

| নির্দেশক | ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| পৌরনীতি ও সুশাসনের ধারণা | পৌরনীতি ও সুশাসনের ধারণা সুস্পষ্টভাবে লিখেছে | পৌরনীতি ও সুশাসনের ধারণা অধিকাংশ লিখেছে | শুধু পৌরনীতির ধারণা আংশিক লিখেছে | পৌরনীতি ও সুশাসনের ধারণা সম্পর্কে অস্পষ্ট লিখেছে | |
| পৌরনীতি ও সুশাসনের পরিধি | পৌরনীতি ও সুশাসনের পরিধি সুস্পষ্টভাবে লিখেছে | পৌরনীতি ও সুশাসনের পরিধি আংশিক লিখেছে | শুধু পৌরনীতির পরিধি সম্পর্কে লিখেছে | পৌরনীতির পরিধি আংশিক লিখেছে | |
| সুশাসনের বৈশিষ্ট্য | সুশাসনের বৈশিষ্ট্য সুস্পষ্টভাবে লিখেছে | সুশাসনের বৈশিষ্ট্য অধিকাংশ লিখেছে | সুশাসনের বৈশিষ্ট্য ১/২টি লিখেছে | সুশাসনের বৈশিষ্ট্য অস্পষ্ট উপস্থাপন | |
| পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ | পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ যথাযথভাবে | পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ অধিকাংশ লিখেছে তবে | পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ ধারণা আংশিক লিখেছে | পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশের অস্পষ্ট ধারণা | |

13.6.21    13/6/2021

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | লিখেছে | সুবিন্যাস্ত নয় | | দিয়েছে | |
| উপস্থাপনা কৌশল | নান্দনিক ও সৃজনশীল উপস্থাপন | অধিকাংশ লিখেছে তবে সৃজনশীল নয় | আংশিক লিখেছে তবে সৃজনশীল নয় | হুবহু পাঠ্যপুস্তক থেকে লিখেছে | |

| নম্বরের ব্যপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১১-১৫ | উত্তম |
| ৬-১০ | ভালো |
| ০৫-০৯ | অগ্রগতি প্রয়োজন |

13.6.21

# ১ম সপ্তাহ

## এইচএসসি পরীক্ষা ২০২২ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: অর্থনীতি　　পত্র: প্রথম　　বিষয় কোড: ১০৯　　স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা/সংকেত | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) |
|---|---|---|---|---|
| ১ | হাওর এলাকার কৃষক সালামত সাহেবের এক খন্ড জমিতে ধান ও গম উৎপাদনের ক্ষেত্রে নিম্নরূপ বিকল্প সম্ভাবনা অনুসৃত হয়েছে। যেমন: ধান উৎপাদন যখন ১৬, ১০ ও ০ মন হয় তখন গম উৎপাদন হয় যথাক্রমে ০,১০, ও ১৬ মন।<br><br>প্রাপ্ত তথ্যের আলোকে উৎপাদন সম্ভাবনা রেখার অর্থনৈতিক তাৎপর্য বিশ্লেষণ। | (প্রথম অধ্যায়: মৌলিক অর্থনৈতিক সমস্যা এবং এর সমাধান)<br>২. উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন<br>৩. নির্বাচনজনিত সমস্যার পরিপ্রেক্ষিতে মৌলিক অর্থনৈতিক সমস্যাসমূহ চিহ্নিতকরণ<br>৮. মৌলিক অর্থনৈতিক সমস্যা সমাধানের ক্ষেত্রে বিভিন্ন অর্থব্যবস্থার সাদৃশ্য ও বৈসাদৃশ্য নির্ণয় করতে পারবে | • উৎপাদন সম্ভাবনা রেখা এর ধারণা<br>• উৎপাদন সম্ভাবনা রেখা এর চিত্রাঙ্কন<br>• অ-অর্জনযোগ্য, পূর্ণনিয়োগ ও সম্পদের অপূর্ণ ব্যবহার<br>• শিল্প প্রধান এবং কৃষি প্রধান অর্থনীতির ক্ষেত্রে উৎপাদন সম্ভাবনা রেখা<br>• প্রাপ্ত তথ্যের আলোকে উৎপাদন সম্ভাবনা রেখার অর্থনৈতিক তাৎপর্য বিশ্লেষণ। | (নিচের রুব্রিক্স দেখুন) |

| নির্দেশক | ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| উৎপাদন সম্ভাবনা রেখা এর ধারণার ব্যাখ্যা | উৎপাদন সম্ভাবনা রেখা এর ধারণা যথাযথভাবে ব্যাখ্যা করছে | উৎপাদন সম্ভাবনা রেখা এর ধারণা অধিকাংশক্ষেত্রে যথাযথভাবে ব্যাখ্যা করছে | উৎপাদন সম্ভাবনা রেখা এর ধারণা আংশিকক্ষেত্রে যথাযথভাবে ব্যাখ্যা করছে | উৎপাদন সম্ভাবনা রেখা এর ধারণা ব্যাখ্যা যথাযথ নয় | |
| উৎপাদন সম্ভাবনা রেখা এর চিত্রাঙ্কন ও ব্যাখ্যা | উৎপাদন সম্ভাবনা রেখা এর চিত্র যথাযথভাবে অঙ্কন করছে | উৎপাদন সম্ভাবনা রেখা এর চিত্র অধিকাংশক্ষেত্রে যথাযথভাবে অঙ্কন করছে | উৎপাদন সম্ভাবনা রেখা এর চিত্র আংশিকক্ষেত্রে যথাযথভাবে অঙ্কন করছে | উৎপাদন সম্ভাবনা রেখা এর চিত্র অঙ্কন যথাযথ নয় | |
| উৎপাদন সম্ভাবনা রেখা থেকে অ-অর্জনযোগ্য, পূর্ণনিয়োগ ও সম্পদের অপূর্ণ ব্যবহার | ধারাবাহিকতা বজায় রেখে যথাযথভাবে প্রদর্শন করেছে | অধিকাংশক্ষেত্রে ধারাবাহিকতা বজায় রেখে যথাযথভাবে প্রদর্শন করেছে | আংশিকক্ষেত্রে ধারাবাহিকতা বজায় রেখে যথাযথভাবে প্রদর্শন করেছে | ধারাবাহিকতা বজায় রেখে প্রদর্শন যথাযথ নয় | |
| শিল্প প্রধান এবং কৃষি প্রধান অর্থনীতির ক্ষেত্রে উৎপাদন সম্ভাবনা রেখা | চিত্র যথাযথভাবে ব্যাখ্যা করছে | চিত্র অধিকাংশক্ষেত্রে যথাযথভাবে ব্যাখ্যা করছে | চিত্র আংশিকক্ষেত্রে যথাযথভাবে ব্যাখ্যা করছে | চিত্র ব্যাখ্যা যথাযথ নয় | |
| প্রাপ্ত তথ্যের আলোকে উৎপাদন সম্ভাবনা রেখার | সম্ভাবনা রেখার অর্থনৈতিক তাৎপর্য বিশ্লেষণ | সম্ভাবনা রেখার অর্থনৈতিক তাৎপর্য বিশ্লেষণ | সম্ভাবনা রেখার অর্থনৈতিক তাৎপর্য বিশ্লেষণ আংশিকক্ষেত্রে | সম্ভাবনা রেখার অর্থনৈতিক তাৎপর্য বিশ্লেষণ যথাযথ | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | অর্থনৈতিক তাৎপর্য বিশ্লেষণ। | যথাযথ ও উপস্থাপনা সৃজনশীল | অধিকাংশক্ষেত্রে যথাযথ ও উপস্থাপনা সৃজনশীল | যথাযথ ও উপস্থাপনা সৃজনশীল | নয় ও উপস্থাপনায় সৃজনশীলতার অভাব | |
| | | | | | | | | মোট | |

| নম্বরের ব্যপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১১-১৫ | উত্তম |
| ৬-১০ | ভালো |
| ৫ বা ৫ এর কম | অগ্রগতি প্রয়োজন |

13.6.21

১৩/৬/২০২১

# ১ম সপ্তাহ

# ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

**বিষয়: যুক্তিবিদ্যা** **পত্র: প্রথম** **বিষয় কোড: ১২১** **স্তর: এইচএসসি**

| অ্যাসাইনমেন্ট নং | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | **যুক্তিবিদ্যার ধারণায় এর পরিধি পাওয়া যায়- পর্যালোচনা কর।** | **প্রথম অধ্যায় :** **যুক্তিবিদ্যা পরিচিতি**<br><br>**শিখনফল:**<br>১. যুক্তিবিদ্যার উৎপত্তি ও বিকাশের ইতিহাস বর্ণনা করতে পারবে।<br>২. যুক্তিবিদ্যার ধারণা বর্ণনা করতে পারবে।<br>৩. বিভিন্ন যুক্তিবিদের প্রদত্ত ধারণার বিশ্লেষণ ও তুলনা করতে পারবে।<br>৪. যুক্তিবিদ্যার স্বরূপ বিশ্লেষণ করতে পারবে।<br>৫. যুক্তিবিদ্যা আদর্শনিষ্ঠ না বস্তুনিষ্ঠ বিজ্ঞান তা মূল্যায়ন করতে পারবে।<br>৬. যুক্তিবিদ্যার পরিসর বর্ণনা করতে পারবে। | • যুক্তিবিদ্যার উৎপত্তি<br>• যুক্তিবিদ্যার ধারণা<br>○ এরিস্টটল<br>○ জে.এস. মিল<br>○ যোসেফ<br>○ আই. এম. কপি<br>• যুক্তিবিদ্যার স্বরূপ<br>• যুক্তিবিদ্যার পরিসর | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

| নির্দেশক | ৪ | ৩ | ২ | ১ |
|---|---|---|---|---|
| যুক্তিবিদ্যার উৎপত্তি উপস্থাপন | ভূমিকায় যুক্তিবিদ্যার উৎপত্তি যথাযথভাবে উপস্থাপন করলে | ভূমিকায় যুক্তিবিদ্যার উৎপত্তি অধিকাংশ উপস্থাপন করলে | ভূমিকায় যুক্তিবিদ্যার উৎপত্তি আংশিক উপস্থাপন করলে | ভূমিকায় যুক্তিবিদ্যার উৎপত্তি উপস্থাপন না করলে |
| যুক্তিবিদ্যার ধারণা | চারজন যুক্তিবিদের ধারণা তুলনামূলক বিশ্লেষণ করলে | তিনজন যুক্তিবিদের ধারণা তুলনামূলক বিশ্লেষণ করলে | দুইজন যুক্তিবিদের ধারণা তুলনামূলক বিশ্লেষণ করলে | একজন যুক্তিবিদের ধারণা ব্যাখ্যা করলে |
| যুক্তিবিদ্যার স্বরূপ ও পরিধি | স্বরূপ ও পরিধি যথাযথভাবে বিশ্লেষণ করলে | স্বরূপ ও পরিধি অধিকাংশ বিশ্লেষণ করলে | স্বরূপ ও পরিধি আংশিক বিশ্লেষণ করলে | স্বরূপ ও পরিধি বিশ্লেষণ না করে শুধু ব্যাখ্যা করলে |
| সৃজনশীলতা | যুক্তিবিদ্যা সম্পর্কে নিজস্ব ধারণার যৌক্তিকতা ব্যাখ্যা করলে | যুক্তিবিদ্যা সম্পর্কে নিজস্ব ধারণার যৌক্তিকতা ব্যাখ্যা না করলে | যুক্তিবিদ্যা সম্পর্কে সাধারণ ধারণা ব্যক্ত করলে | যুক্তিবিদ্যা সম্পর্কে আংশিক ধারণা ব্যক্ত করলে |

| ক্রম | ব্যাপ্তি | স্কোর |
|---|---|---|
| ১. | ১৩-১৬ | অতি উত্তম |

13.6.21

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ২. | ৯-১২ | উত্তম | |
| | | | | | ৩. | ৫-৮ | ভালো | |
| | | | | | ৪. | ১-৪ | অগ্রগতি প্রয়োজন | |

13.6.21

১৩/৬/২০২১

# ১ম সপ্তাহ

# ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাববিজ্ঞান    পত্র : প্রথম    বিষয় কোড: ২৫৩    স্তর : এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা<br>(সংকেত/ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) |
|---|---|---|---|---|
| ১ | হিসাবচক্রের ধাপ অনুসরণ করে লেনদেন চিহ্নিতকরণ, লিপিবদ্ধকরণ, হিসাবের বই প্রস্তুতকরণ এবং হিসাব সমীকরণে প্রভাব প্রদর্শন:<br><br>গৌতম এন্টারপ্রাইজ এর ৩১ জানুয়ারি ২০২১ সালের হিসাব উদ্বৃত্তগুলো নিম্নরূপ ছিল :<br><br>নগদ ৮০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ৩০,০০০ টাকা, দেনাদার ৪০,০০০ টাকা ও পাওনাদার ৪৫,০০০ টাকা। ফেব্রুয়ারি মাসে তার ব্যবসায়ে সংঘটিত ঘটনাগুলো নিম্নরূপ:<br><br>২০২১<br><br>ফেব্রু ১: দক্ষ ম্যানেজার ২০,০০০ | হিসাব চক্রের ধারাবাহিকতা রক্ষা করে হিসাবের বইসমূহ প্রস্তুত ও সংরক্ষণ করতে পারবে।<br><br>ব্যবসায়ের লেনদেন চিহ্নিত করে হিসাব সমীকরণে এগুলোর প্রভাব ব্যাখ্যা করতে পারবে।<br><br>লেনদেন সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষকে হিসাবের শ্রেণি অনুযায়ী চিহ্নিত করতে পারবে। | ক)লেনদেন চিহ্নিতকরণ ও প্রারম্ভিক উদ্বৃত্তসহ (ট্যেবুলার ছক) অন্তর্ভুক্ত করতে হবে।<br><br>খ) হিসাবের শ্রেণিবিভাগ ও ডেবিট- ক্রেডিট নির্ণয় করতে হবে।<br><br>গ) চলমান জের ছক অনুসরণ করতে হবে।<br><br>ঘ) ১ম-৫ম ধাপ পর্যন্ত ব্যাখ্যা করো। | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) |

মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স):

| নির্দেশনা | পারদর্শিতার মাত্রা ৪ | ৩ | ২ | ১ | স্কোর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ট্যেবুলার ছক অনুযায়ী কার্য সম্পাদন | ৪টি দফা ঠিক | ৩টি দফা ঠিক | ২টি দফা ঠিক | ১টি দফা ঠিক | | |
| জাবেদাভুক্তকরণ | ৪টি দফা ঠিক | ৩টি দফা ঠিক | ২টি দফা ঠিক | ১টি দফা ঠিক | | |
| খতিয়ানের জের নির্ণয় | নির্ণীত সকল জের ঠিক | অধিকাংশ জের ঠিক | অর্ধাংশ জের ঠিক | আংশিক জের ঠিক | | |
| হিসাবচক্রের ধাপ অনুসরণ | যথাযথ ভাবে ধাপ অনুসরিত | আংশিক অনুসরিত | কিছুক্ষেত্রে অনুসরিত | ধাপ অনুসরিত হয়নি | | |
| বিশ্লেষণের ক্ষমতা | সকল লেনদেনের বিশ্লেষণ করতে পেরেছে | অধিকাংশ লেনদেনের বিশ্লেষণ করতে পেরেছে | লেনদেনের আংশিক বিশ্লেষণ করতে পেরেছে | ক্ষেত্রবিশেষে লেনদেনের বিশ্লেষণ করতে পেরেছে | | |

<table>
<tr>
<td></td>
<td>টাকা বেতনে যোগদান করেন।<br><br>" ৫: ১৩% প্রদেয় নোটে স্বীকৃতিদানের মাধ্যমে ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।<br><br>" ৬: তিন মাসের শো-রুম ভাড়া অগ্রিম প্রদান করা হলো ১৫,০০০ টাকা।<br><br>" ১২: ইনস্যুরেন্স প্রিমিয়াম পরিশোধ করা<br><br>হলো ১,২০০ টাকা।<br><br>" ১৪: ১,০০,০০০টাকার অফিস সরঞ্জাম<br><br>ক্রয়ের জন্য চুক্তি স্বাক্ষর করলেন।<br><br>" ১৬: ৩% কারবারি বাট্টায় পণ্য বিক্রয় করা হলো ১,২০,০০০ টাকা (নগদে ৬০%,ধারে ৪০%)।<br><br>" ১৮: মালিক কর্তৃক নগদ উত্তোলন করা হলো ৩০,০০০ টাকা।<br><br>" ২০: একজন দেনাদারের নিকট থেকে ৩০,০০০ টাকা পাওয়া গেল।<br><br>" ২২: প্রাপ্য বিলের মাধ্যমে</td>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><th>ক্রম</th><th>স্কোর</th><th>নম্বরের ব্যাপ্তি</th><th></th></tr>
<tr><td>১</td><td>অতি উত্তম</td><td>১৬-২০</td><td></td></tr>
<tr><td>২</td><td>উত্তম</td><td>১১-১৫</td><td></td></tr>
<tr><td>৩</td><td>ভাল</td><td>০৬-১০</td><td></td></tr>
<tr><td>৪</td><td>অগ্রগতির প্রয়োজন</td><td>০১-০৫</td><td></td></tr>
</table>
</td>
</tr>
</table>

13.6.21

13/6/2021

| | | | | |
|---|---|---|---|---|
| | পণ্য বিক্রয় করা হলো ৫,০০০ টাকা।<br><br>" ২৫: মালিকের বড় মেয়ের জীবন বিমার প্রিমিয়াম বাবদ পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।<br><br>" ২৮: অগ্রিম প্রদত্ত ভাড়ার ০১ মাস অতিক্রান্ত হয়েছে।<br><br>ক. ৫, ৬, ১৬, ২৮ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণে প্রভাব দেখাও।<br><br>খ. ১২, ১৮, ২২, ২৫ তারিখের লেনদেনগুলো গৌতম এন্টারপ্রাইজ এর হিসাব বইতে লিপিবদ্ধ করো। (ব্যাখ্যা ব্যতীত)<br><br>গ. সংশ্লিষ্ট খতিয়ান হিসাব প্রস্তুত করো।<br><br>ঘ. হিসাবচক্র (চিত্রসহ)। | | | |

13.6.21